

ঢাকা ওয়াসা

বিষয়: ওয়াসা ভবনের ৪র্থ তলার মাল্টিপারপাস হল রুমসমূহের রক্ষনাবেক্ষন ও ক্লিনিং কাজ OTM-এ সম্পন্ন করার অনুমোদন প্রসঙ্গে।

১। নথিতে সংযুক্ত কাগজ পত্র সদয় দেখা যেতে পারে। ওয়াসা ভবনের ৪র্থ তলার মাল্টিপারপাস হল রুমসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য নিয়োগকৃত ঠিকাদারের সাথে ওয়াসা কর্তৃপক্ষের চুক্তির মেয়াদ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে শেষ হয়ে যাবে। ঢাকা ওয়াসার ৪র্থ তলায় Multipurpose Hall Room টিতে বিদ্যমান হল রুম, কনফারেন্স রুম, লাউঞ্জ এরিয়া, রিসিপশনসহ ফার্নিচারসমূহ নিয়মিত রক্ষনাবেক্ষন, পরিষ্কার-পরিচ্ছন্ন ও ফুল গাছ পরিচর্যা করার জন্য ঠিকাদারের মাধ্যমে আউট সোর্সিং-এ সার্বক্ষনিক সুচারুরূপে সম্পাদন করার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে টেন্ডারের মাধ্যমে নতুন করে OTM সম্পাদন করতে হবে।

২। উল্লেখ্য যে, Multipurpose Hall Room টিতে বিদ্যমান হল রুম, কনফারেন্স রুম, লাউঞ্জ এরিয়া, রিসিপশনসহ ফার্নিচারসমূহ নিয়মিত রক্ষনাবেক্ষন, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ ও ফুল গাছ পরিচর্যার জন্য পূর্বের ন্যায় প্রতি ৩ (তিন) মাস অন্তর কমন সার্ভিস বিভাগ হতে ক্লিনিং মালামালসহ অন্যান্য মালামাল ক্রয় করে ঠিকাদারী প্রতিষ্ঠানকে সরবরাহ যেতে পারে।

৩। ওয়াসা ভবনের ৪র্থ তলার সম্পূর্ণ ফ্লোর (Multipurpose Hall Room) এর বিদ্যমান হল রুম, কনফারেন্স রুম, লাউঞ্জ এরিয়া, রিসিপশনসহ ফার্নিচারসমূহ নিয়মিত রক্ষনাবেক্ষন, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ ও ফুল গাছ পরিচর্যার জন্য প্রতি মাসে প্রয়োজনীয় সংখ্যক সুপারভাইজার, টেকনিশিয়ান ও পরিচ্ছন্নতাকর্মীর বেতন ভ্যাট, এআইটি ও ঠিকাদারের সার্ভিসচার্জসহ একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (পতাকা 'ক')। যা নিম্নরূপ:

ক্রঃ নং	জনবলের বিবরণ	একক	পরিমান	একক মূল্য (টাকা) ভ্যাট ও ট্যাক্সসহ	ঠিকাদারের সার্ভিস চার্জ-১০%	মোট মূল্য (টাকা) ভ্যাট ও ট্যাক্সসহ
১।	সুপারভাইজার	প্রতি মাসে	১ জন	১৭,৫০০/-	১৭৫০/-	১৯,২৫০/-
২।	লেবার / ক্লিনার	প্রতি মাসে	৫ জন	(১৫,৫০০x৫)= ৭৭,৫০০ /-	৭৭৫০/-	৮৫,২৫০/-
৩।	টেকনিশিয়ান	প্রতি মাসে	১ জন	১৭,৫০০/-	১৭৫০/-	১৯,২৫০/-
সর্বমোট						১,২৩,৭৫০/-

কথায়: এক লক্ষ তেইশ হাজার সাতশত পঞ্চাশ টাকা।

৪। ওয়াসা ভবনের ৪র্থ তলার মাল্টিপারপাস হল রুমসমূহের রক্ষনাবেক্ষন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য লোকবলের বেতন, ভ্যাট, এআইটি এবং সার্ভিসচার্জসহ প্রতিমাসে মোট প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় = ১,২৩,৭৫০.০০ (এক লক্ষ তেইশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা। এ হিসেবে এক বছর অর্থাৎ ১২ মাসের প্রাক্কলিত মোট মূল্য দাঁড়ায় $(১২ \times ১,২৩,৭৫০) = ১৪,৮৫,০০০/-$ (চৌদ্দ লক্ষ পঁচাশি হাজার) টাকা।


৫। ৪র্থ তলার মাল্টিপারপাস হল রুমসমূহের রক্ষনাবেক্ষন ও পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজের টেন্ডার কার্যক্রম সম্পাদনের জন্য কমন সার্ভিস বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত APP-এ প্যাকেজ নং-C3 এ ওয়াসা ভবনের ৪র্থ তলার ক্লিনিং ওয়ার্কস খাতে মোট ১৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে যা উক্ত কাজের ব্যয়সমীমার মধ্যে রয়েছে (পতাকা- 'খ')। উক্ত ফ্লোরের পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজটি CPTU প্রণীত STD(e-PW-2A) অনুসরণ পূর্বক Procurement Entity হিসেবে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা কর্তৃক OTM এ সম্পাদন করা হবে।


(স্বাক্ষর)


(অঃপঃ দঃ)


৬।এমতাবস্থায়, ওয়াসা ভবনের ৪র্থ তলার সম্পূর্ণ ফ্লোর (Multipurpose Hall Room) এর বিদ্যমান হল রুম, কনফারেন্স রুম, লাউঞ্জ এরিয়া, রিসিপশনসহ ফার্নিচারসমূহ নিয়মিত রক্ষনাবেক্ষন, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ ও ফুল গাছ পরিচর্যার কাজটি e-GP এর আওতায় OTM এ সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজটি সম্পাদনের জন্য মাসিক ১,২৩,৭৫০.০০ (এক লক্ষ তেইশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং ১২ মাসে সর্বমোট ১৪,৮৫,০০০/- (চৌদ্দ লক্ষ পঁচাশি হাজার) টাকার বিভাগীয় প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। একই সাথে সন্তোষজনক কার্য সম্পাদনের ভিত্তিতে প্রতি মাসে ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করা যেতে পারে।


ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।


০৭/০৯/২০২৫
মোঃ ইউছুফ আলী
অফিস সুপারিনটেন্ডেন্ট (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৯/২০২৫
মোঃ মোরশেদুল ইসলাম
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৯/২৫
মোঃ আলমদীন হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।


০৭/০৯/২৫
মোঃ মশিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা।


০৭/০৯/২০২৫
DMO (HR & Admin)
মোঃ আমিরুল ইসলাম
(হুগাসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা


০৭/০৯/২৫
সচিব


০৭.০৯.২৫
ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DS-CS